

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পোরশা, নওগাঁ।
porsha.naogaon.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৪৭৯.০০০.০৭.০০৮.২৩- ১০০৬

তারিখ : ১৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

পোরশা উপজেলার গাংগুলিয়া ইউনিয়ন পরিষদের নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	নিয়োগ পদ্ধতি	বেতন	প্রয়োজনীয় যোগ্যতা
০১	দফাদার	০১ (এক)	পদোন্নতির মাধ্যমে	৭,০০০/- (নির্ধারিত)	মহল্লাদার পদে অন্ত্যন ০৭ (সাত) বৎসরের চাকুরী কাল হতে হবে।
০২	মহল্লাদার	০১ (এক) (৫ নং ওয়ার্ড)	সরাসরি নিয়োগের মাধ্যমে	৬,৫০০/- (নির্ধারিত)	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ৮-ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শারীরিক যোগ্যতা

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :-

- অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি ;
আ) বকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ);
ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;
মহিলা প্রার্থীর ক্ষেত্রে
অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট
আ) বকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ);
ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি;

শর্তাবলী :-


- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। আবেদন পত্রে ক) প্রার্থীর নাম, খ) পিতার নাম, গ) মাতার নাম, ঘ) স্বামীর নাম ঙ) স্থায়ী ঠিকানা, চ) বর্তমান ঠিকানা, ছ) জাতীয়তা জ) ধর্ম বা) জন্ম তারিখ ঞ) বয়স ট) শিক্ষাগত যোগ্যতা, ঠ) জাতীয় পরিচয়পত্র নম্বর, (ড) শারীরিক মাপ (ঢ) ইউনিয়ন পরিষদের নাম (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে), উল্লেখ করতে হবে।
০৩। বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ কে সম্বোধন করে আবেদন করতে হবে।
০৫। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্র সংযুক্ত করতে হবে।
ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
খ) জাতীয় পরিচয়পত্র /জন্ম নিবন্ধন সনদ পত্রের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।
গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।
ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি।
ঙ) উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ বরাবর ৩০০/- (তিনশত) টাকার অফেরত যোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০২

SA

পাতা-০২

- ০৬। সনদ পত্রাদি ও ছবি সত্যায়নের ক্ষেত্রে গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- ০৭। আগামী ১৭/১০/২০২৩ খ্রিঃ তারিখ প্রার্থীর বয়সসীমা ১৮ -৩০ বছর হতে হবে (মহল্লাদার)। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ০৮। আগামী ১৭/১০/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন পত্র রেজিস্টার্ড ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদন পত্র গ্রহণ করা হবেনা।
- ০৯। সকল কোটা সরকারী নীতিমালা অনুযায়ী অনুসরণ করা হবে।
- ১০। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ১১। বিলম্বে প্রাপ্ত, ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১২। লিখিত পরীক্ষা বা সাক্ষাৎকারে হাজির হওয়ার জন্য কোন প্রকার টি, এ / ডি এ প্রদান করা হবেনা।
- ১৩। খামের উপরে স্পষ্ট অক্ষরে পদের নাম লিখতে হবে।
- ১৪। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ১৫। নিয়োগের ক্ষেত্রে গ্রামপুলিশের পোষ্যদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ১৬। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৭। নিয়োগ কার্যক্রম বাতিল বা স্থগিত সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


08/10/23
(সালমা আক্তার)

উপজেলা নিবাহী অফিসার
পোরশা, নওগাঁ।

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পোরশা, নওগাঁ।
- ০৬। উপজেলা অফিসার, পোরশা, নওগাঁ।
- ০৭। চেয়ারম্যান, গাংগুরিয়া ইউপি, পোরশা, নওগাঁ। তাঁকে বিজ্ঞপ্তি টি তাঁর ইউনিয়ন পরিষদের নোটিশবোর্ড, ইউনিয়ন তথ্য বাতায়ন, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে টাঙিয়ে এবং হাট বাজারে ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। চেয়ারম্যান, নিতপুর/ তেঁতুলিয়া/ ছাওড়/ ঘাটনগর/মশিদপুর ইউপি, পোরশা, নওগাঁ।
- ০৯। অত্র দপ্তরের তথ্য বাতায়ন ও নোটিশ বোর্ড।
- ১০। অফিস কপি।